বিইবি
১২৪
৮/১/২০

জেলা প্রশাসকের কার্যালয় সিলেট
পত্র ৪৯ তারিখ ২১/১/২০২০
ডিডিএলজি — যাচাইপূর্বক পেশ করুন
এডিসি (জেনারেল) — তদন্তপূর্বক ব্যবস্থা নিন
এডিসি (রেভিনিউ) — জরুরী পেশ করুন
এডিসি (শিক্ষা ও ...) — নিষ্পত্তি করুন
জিএম — নথি বোর্ডাত্মক মতামত দিন
সিএ — আলাপ করুন
অন্যান্য ..... জে.প্র.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
জাতীয় ক্রীড়া পরিষদ পুরাতন ভবন (৪র্থ তলা)
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.bkkf.org.bd

নং-৩৪.০৫.০০০০.০০০.৩২.০৮২.১৯-৩২৫(৬৪) তারিখঃ ০৭ জানুয়ারি ২০২০ খ্রি.

বিষয়ঃ **অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারের সদস্যদের মাসিক ভাতা প্রদানের অনলাইন আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়াধীন বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ২০১৯-২০২০ অর্থ-বছর হতে অসচ্ছল, আহত ও অসমর্থ ক্রীড়াসেবী এবং তাদের পরিবারকে প্রথমবারের মত মাসিক ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

ফাউন্ডেশনের ওয়েবসাইটে (www.bkkf.org.bd) লগইন করে অভ্যন্তরীন ই-সেবা এর অধীনে 'অনুদান অনলাইন আবেদন' লিংকে ক্লিক করে মোবাইল নম্বর দিয়ে নিবন্ধনপূর্বক আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে অনলাইনে মাসিক ভাতার আবেদন করার জন্য আহবান জানানো হয়েছে।

এ সংক্রান্ত একটি লিফলেট এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ক্রীড়াসেবীদের মাঝে বহুল প্রচারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, মাসিক ভাতা প্রদানের বিজ্ঞপ্তি ৩০ ডিসেম্বর, ২০১৯ তারিখে দৈনিক 'যুগান্তর' ও 'কালের কণ্ঠ' পত্রিকায় প্রকাশিত হয়েছে।

এ বিষয়ে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

সংযুক্তি- ১০ (দশ) কপি।

২৭/০১/২০২০
সচিব
বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন
ফোনঃ ৯৫৭৩৫৭০।
ই-মেইলঃ sec.bkkf@gmail.com

প্রাপকঃ

জেলা প্রশাসক
.....সিলেট.....